

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্মারক নং : উমাশিঅ/কিশোর/নীল/২০২৬/ ০৬২

তারিখ : ০৫/০৫/২০২৬ খ্রি:।

**বিষয় :** শিক্ষা প্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন এবং বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র : ৩৭.০২.০০০০.১০৯.৫০.০১৫.২০২১-৭৯, তারিখ : ০৮/১২/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে এবং কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন এবং বাস্তবায়নের জন্য ইতিপূর্বে পত্র প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে এ বিষয়ে কমিটি গঠন করা হলেও তা বর্তমানে চলমান নেই। জরুরী ভিত্তিতে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন/হালনাগাদ এবং তা বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

- ০১। সকল প্রতিষ্ঠানে ও কর্মক্ষেত্রে উল্লিখিত বিষয়ে অভিযোগ গ্রহণ, তদন্ত পরিচালনা এবং সুপারিশ করার জন্য কর্তৃপক্ষ কমপক্ষে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবে যার মধ্যে সংখ্যাগরিষ্ঠ সদস্য হবেন নারী। সম্ভব হলে কমিটির প্রধান হবেন নারী।
- ০২। কমিটি গঠনের ক্ষেত্রে সং, দক্ষ এবং সক্রিয় সদস্যগণকে অগ্রাধিকার দিতে হবে।
- ০৩। কমিটির ০২(দুই) জন সদস্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাইরে অন্য প্রতিষ্ঠান থেকে নিতে হবে, তবে এ ক্ষেত্রে জেডার ও মানবাধিকার বিষয়ে যার কাজ করে তাদেরকে অগ্রাধিকার দিতে হবে।
- ০৪। অপরাধ প্রমানিত না হওয়া পর্যন্ত কমিটি অভিযোগকারী এবং অভিযুক্ত ব্যক্তির পরিচয় গোপন রাখবে।
- ০৫। অভিযোগ গ্রহনকারী কমিটি ৩০(ত্রিশ) দিনের মধ্যে সুপারিশসহ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করবে। প্রয়োজনে (যদি উপযুক্ত কারণ থাকে) কর্তৃপক্ষ এ সময়সীমা ৩০(ত্রিশ) কর্মদিবস থেকে ৬০(ষাট) কর্মদিবস বাড়াতে পারবে।
- ০৬। প্রতিষ্ঠানের সম্মুখে যৌন হয়রানী প্রতিরোধ সংক্রান্ত একটি অভিযোগ বক্স থাকবে।

**যৌন হয়রানী প্রতিরোধ কমিটির 'তথ্য ছক'**

ক্রম	সদস্যের নাম	পদবী ও প্রতিষ্ঠানের নাম	কমিটিতে অবস্থান	মোবাইল নম্বর	মন্তব্য
১					
২					
৩					
৪					
৫					

এমতাবস্থায় আগামী ১১/০৫/২০২৬ খ্রি.তারিখের মধ্যে উল্লেখিত ছক ও নির্দেশনা মোতাবেক কমিটি গঠন/হালনাগাদ করে হার্ড ও সফট কপি নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

বিষয়টি অতীব জরুরী:

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.....  
কিশোরগঞ্জ, নীলফামারী।

(মোঃ আশরাফ-উজ-জামান সরকার)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্মারক নং-উমাশিঅ/কিশোর/নীল/

তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল:

- ০১। জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।
- ০২। অফিস কপি।

(মোঃ আশরাফ-উজ-জামান সরকার)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার